গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
রাজস্ব শাখা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর ২.৭ অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত আগস্ট, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
সভার তারিখ	১৬ আগস্ট ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১:৪৫ টা
স্থান	বিভাগীয় কমিশনার এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতি "মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়ন করার নিমিত্ত সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলের প্রতি আহবান জানান। তিনি রাজশাহী বিভাগে ৩য় পর্যায়ের ২য় ধাপের ২৩৪৮টি গৃহে 'ক' শ্রেণির পরিবার পুনর্বাসনকল্পে মাননীয় প্রধানমন্ত্রীর কর্তৃক জমি ও গৃহ হস্তান্তর এবং ১০টি উপজেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণা সংক্রান্ন অনুষ্ঠান সফলভাবে আয়োজন করায় জেলা প্রশাসকগণসহ সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি 'ক' শ্রেণির অবশিষ্ট পরিবারকে পুনর্বাসন এবং এ বিভাগে দ্রুততম সময়ের মধ্যে পর্যায়ক্রমে ভূমিহীন ও গৃহহীনমুক্ত উপজেলা, জেলা ও বিভাগ ঘোষণার লক্ষ্যে লক্ষ্যমাত্রা নির্ধারণের উপর গুরুত্বারোপ করেন।

২. পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন:

সভায় জুলাই, ২০২২ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ হয়।

৩. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

জুলাই, ২০২২ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপঃ

ক্রমিক নং	সভার তারিখ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়িত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের হার
০১	১৮/০৭/২০২২ খ্রি.	০৬টি	০৬টি	১০০%

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী এ বিভাগের সকল জেলা হতে প্রাপ্ত 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় অবহিত করেন। পর্যালোচনায় দেখা যায়, রাজশাহী বিভাগে ১ম পর্যায়ে পুনবার্সিত পরিবার সংখ্যা ৭১১৯ টি, ২য় পর্যায়ে পুনবার্সিত পরিবার সংখ্যা ৭১৭২টি ও ৩য় পর্যায়ে পুনবার্সিত পরিবার সংখ্যা ৭৪৭০টি। রাজশাহী বিভাগে তিন পর্যায়ে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় মোট বরাদ্দপ্রাপ্ত গৃহ ২১৭৬১টি এবং পুনর্বাসিত মোট ২২০৭৩টি পরিবার (নাটোর জেলার লালপুর উপজেলায় ২৪০টি পরিবারকে ব্যারাক নির্মাণের মাধ্যেমে পুনর্বাসন করা হয়েছে এবং জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলার ৭২ টি পরিবারের মধ্যে ৭০ টি পরিবারকে গুচ্ছগ্রাম প্রকল্পের আওতায়, ১ টি পরিবারকে উপজেলা পরিষদের মাধ্যমে এবং ১ টি পরিবারকে BASA এর মাধ্যমে ঘর নির্মাণপূর্বক পুনর্বাসন করা হয়েছে। অতঃপর সভায় নিম্নরূপ তথ্যাদি উপস্থাপিত হয়:

৪. এক নজরে রাজশাহী বিভাগের "ক" শ্রেণির পরিবার সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

জেলার নাম	"ক" শ্রেণির ভূমিহীন পরিবারের সংখ্যা	১ম, ২য় ও ৩য় পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা	অবশিষ্ট "ক" শ্রেণির ভূমিহীন পরিবারের সংখ্যা	৪র্থ পর্যায়ে গৃহ নির্মাণের চাহিদা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
রাজশাহী	৪৩২১	২৮৭০	১৪৫১	১৪৫১	
চাঁপাইনবাবগঞ্জ	৪৯৪৫	৪৫৮৯	৪০৫	৩০৮	চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উওপজেলায়-৪৯টি, গোমস্তাপুরে-১০ ও নাচোলে-৩৮টিসহ মোট ৯৭টি পরিবার বরাদ্দকৃত গৃহে বসবাস না করায় তাদের বন্দোবস্ত বাতিল করে অবশিষ্ট 'ক' শ্রেণির পরিবার হতে পুনবার্সনের কার্যক্রম চলমান রয়েছে।
নওগাঁ	৪২১৯	২২৯৫	১৯২৪	১৭০১	নওগাঁ জেলার অবশিষ্ট ২২৩টি পরিবারের মধ্যে ১। আত্রাই উপজেলায় ১০টি পরিবার বরাদ্দকৃত গৃহে বসবাস না করায় তাদের বন্দোবস্ত বাতিল করে অবশিষ্ট 'ক' শ্রেণির পরিবারকে পুনবার্সন করা হয়েছে এবং সেনাবাহিনী কর্তৃক ব্যারাক নির্মাণের মাধ্যেমে ৫০টি পরিবারকে পুনর্বাসিত করা হবে। ২। বদলগাছী উপজেলায় সেনাবাহিনী কর্তৃক ব্যারাক নির্মাণের মাধ্যেমে ৯০টি পরিবারকে পুনর্বাসিত করা হবে এবং ৭৩টি পরিবার ভি.পি লীজভূক্ত জমিতে বসবাস করে। তারা উক্ত জমি ছাড়া অন্য কোথাও পুনর্বাসিত হতে ইচ্ছুক নয়।
নাটোর	৫২৬০	৩৭৪৩	১৫১৭	১৪৮৭	নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলায় ৩০টি ভূমিহীন-গৃহহীন পরিবারকে গার্ফা ও শ্রীখন্ডিত আশ্রয়ণ প্রকল্পে পুনর্বাসন করা হবে।
পাবনা	৪২০৫	২১৩৭	২০৬৮	২০৬৮	
সিরাজগঞ্জ	৩৫০৯	২১১৫	১৩৯৪	১১৫৫	সিরাজগঞ্জ জেলার ২৩৫টি পরিবারের মধ্যে সদর উপজেলায় ব্যারাকের মাধ্যেমে ৬০টি, রায়গঞ্জ-৩৭টি পরিবারের মধ্যে ব্যারাক নির্মাণের মাধ্যমে ৩৫টি এবং উপজেলা পরিষদের অর্থায়নে ২টি, কাজিপুর-১৪০টি পরিবারকে ব্যারাক নির্মাণের মাধ্যমে পুনবার্সন করা হবে, চৌহালী উপজেলায় ১টি উপজেলা পরিষদের অর্থায়নে পুনবার্সন করা হয়েছে, কামারখন্দ উপজেলায় ১টি উপজেলা পরিষদের অর্থায়নে পুনবার্সন করা হয়েছে।
বগুড়া	৪৮০৫	৩৫৯৩	১২১২	১২১২	
জয়পুরহাট	১০৪৮	৬৫৯	১৩৯	১৩৯	
বিভাগের মোট	**৩২৩১২**	**২২০০১**	**১০১১০**	**৯৫২১**	**৫৮৯টি**

৫। ১ম, ২য় ও ৩য় পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহে বসবাস করে না সে সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

জেলার নাম	গৃহে বসবাস করে না এরূপ পরিবারের সংখ্যা	মন্তব্য
রাজশাহী	০	
চাঁপাইনবাবগঞ্জ	১৬৭	
নওগাঁ	১০	

নাটোর	৮৮	
পাবনা	৯	
সিরাজগঞ্জ	৩৯	
বগুড়া	৪৬৯	
জয়পুরহাট	১৫	
বিভাগের মোট	**৭৯৭**	

৬। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। 'ক' শ্রেণির অবশিষ্ট পরিবার পুনর্বাসন এবং এ বিভাগে দ্রুততম সময়ের মধ্যে ভূমিহীন ও গৃহহীনমুক্ত জেলা ও উপজেলা ঘোষণার লক্ষ্যে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আগামী ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে চাঁপাইনবাবগঞ্জ ও জয়পুরহাট জেলাকে সম্পূর্ণভাবে এবং রাজশাহী জেলার দুর্গাপুর ও বাগমারা উপজেলা, নাটোর জেলার গুরুদাসপুর ও বড়াইগ্রাম উপজেলা, পাবনা জেলার পাবনা সদর, আটঘরিয়া, ভাঙ্গুড়া, সাঁথিয়া ও সুজানগর উপজেলা, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর, উল্লাপাড়া, রায়গঞ্জ, ও কাজিপুর উপজেলা, বগুড়া জেলার আদমদীঘি, ধুনট, গাবতলী, কাহালু, শাজাহানপুর ও শিবগঞ্জ উপজেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। ২। জুন/২০২৩ মাসের মধ্যে অবশিষ্ট উপজেলাসমূহের 'ক' শ্রেণির পরিবার সম্পূর্ণরূপে পুনর্বাসনের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীনমুক্ত বিভাগ ঘোষণার লক্ষ্য নির্ধারণ করা হলো। ৩। সরকারি অর্থের যথাযথ ব্যয় নিশ্চিতকল্পে গৃহে বসবাস করে না এরূপ চিহ্নিত পরিবারের সংখ্যা গৃহ নির্মাণের চাহিদা হতে কর্তনের (যদি থাকে) ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪। গৃহে বসবাস করে না এরূপ চিহ্নিত পরিবারের অনুকূলে প্রদত্ত বন্দোবস্ত ও গৃহের বরাদ্দ বিধিমতে বাতিলের ব্যবস্থা গ্রহণ করতঃ উপজেলা টাস্কফোর্স কমিটির মাধ্যমে অবশিষ্ট পরিবারের তালিকা হতে আগ্রহী পরিবার পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১১.০৭.০০৯.২২.৯১০

তারিখ: ২ ভাদ্র ১৪২৯
১৭ আগস্ট ২০২২

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্প-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৫) উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৬) উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/পাবনা সদর/পাবনা/বগুড়া সদর/বগুড়া/নাটোর/জয়পুরহাট/নওগাঁ

৭) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী(ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।

৮) সহকারী কমিশনার (ভূমি), রাজশাহী/চারঘাট/রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার